রবি
Life-এ নতুন এক্সপেরিয়েন্স

**প্রেস রিলিজ**
**ঢাকা, ২৭ জুলাই ২০২৩**

# ডেটা ব্যবসা সাফল্যে রবি'র মুনাফার ধারা অব্যাহত

**ঢাকা, ২৭ জুলাই ২০২৩**: ডেটা শুধু আর ভবিষ্যতের ব্যবসা নয়, বর্তমান সময়েই এটি হয়ে উঠেছে ব্যবসার অন্যতম চালিকাশক্তি-এমন চিত্রই উঠে এসেছে রবি'র চলতি বছরের দ্বিতীয় প্রান্তিকের (এপ্রিল-জুন, ২০২৩) প্রকাশিত আর্থিক প্রতিবেদনে।

বৃহস্পতিবার (২৭ জুলাই) রাজধানীর গুলশানে রবি'র প্রধান কার্যালয়ে দ্বিতীয় প্রান্তিকের আর্থিক প্রতিবেদন প্রকাশ নিয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে এ সংক্রান্ত তথ্য উপস্থাপন করা হয়।

চিফ কর্পোরেট অ্যান্ড রেগুলেটরি অফিসার সাহেদ আলমের সঞ্চালনায় সংবাদ সম্মেলনে কোম্পানির প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও) রাজীব শেঠি, চিফ ফাইন্যান্সিয়াল অফিসার এম. রিয়াজ রাশিদ, চিফ কমার্শিয়াল অফিসার, শিহাব আহমাদ, চিফ ইনফরমেশন অফিসার, ভারিন্দার পল সিংলা, ভারপ্রাপ্ত চিফ হিউমান রিসোর্সেস অফিসার, মোহাম্মদ মারুফুল আলম চৌধুরীসহ অন্যান্য উচ্চপদস্থ কর্মকর্তারা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

সংবাদ সম্মেলনে জানানো হয়, রবি বছরের দ্বিতীয় প্রান্তিকে (এপ্রিল-জুন,২০২৩) ২ হাজার ৫৩৯ দশমিক ৯ কোটি টাকা আয় করেছে। এ সময়ে ২৪ দশমিক ৪ কোটি টাকা কর-পরবর্তী মুনাফা (পিএটি) করেছে কোম্পানিটি। রবি তার ফোরজি নেটওয়ার্ককে আরও শক্তিশালী করার জন্য দ্বিতীয় প্রান্তিকে ৭৬২ দশমিক ২ কোটি টাকা মূলধন বিনিয়োগ করেছে।

৪২ শতাংশ মার্জিনসহ আর্নিংস বিফোর ইন্টারেস্ট, ট্যাক্স, ডেপ্রিসিয়েশন এবং এমোর্টাইজেশন (ইবিআইটিডিএ) ১ হাজার ৬৫ দশমিক ৫ কোটি টাকা দাঁড়িয়েছে। ২০২৩ সালের দ্বিতীয় প্রান্তিকে কোম্পানির শেয়ার প্রতি আয় (ইপিএস) ছিল দশমিক ০৫ টাকা। রাষ্ট্রীয় কোষাগারে জমা ১ হাজার ৬৪৮ কোটি টাকা যা রবির ২০২৩ সালের দ্বিতীয় প্রান্তিকে অর্জিত আয়ের ৬৬ দশমিক ৩ শতাংশ।

কোম্পানিটি দ্বিতীয় প্রান্তিকে ৮ লাখ গ্রাহক যুক্ত করার পর মোট গ্রাহক সংখ্যা দাঁড়িয়েছে ৫ কোটি ৬৪ লাখে, যা দেশের মোট মোবাইল ফোন ব্যবহারকারীর ৩০ শতাংশ। এই প্রান্তিকে রবি নেটওয়ার্কে মোট ১০ লাখ ডেটা ব্যবহারকারী যুক্ত হয়ে ডেটা ব্যবহারকারীর সংখ্যা ৪ কোটি ৩১ লাখে উন্নীত হয়েছে যা রবির মোট গ্রাহকের প্রায় ৭৬ দশমিক ৫ শতাংশ।

নেটওয়ার্কে ১৬ লাখ ফোরজি গ্রাহক যুক্ত করার পর, রবির ফোরজি ব্যবহারকারীর সংখ্যা ৩ কোটি ২৪ লাখে পৌঁছেছে; মোট গ্রাহকের ৫৭ শতাংশ এবং ডেটা ব্যবহারকারীর ৭৫ শতাংশ ফোরজি গ্রাহক। রবি সারা দেশে ১৬ হাজারের বেশি ফোরজি সাইট সহ ৯৮ দশমিক ৫ শতাংশ ফোরজি কভারেজ নিশ্চিত করেছে। এই প্রান্তিকে রবির ডেটা গ্রাহকরা প্রতি মাসে গড়ে ৬ দশমিক ৪৩ জিবি ডেটা ব্যবহার করেছেন।

দ্বিতীয় প্রান্তিক পর্যন্ত কোম্পানির সেলফ কেয়ার অ্যাপ ব্যবহারকারী ১ কোটি ৬০ লাখ (মাই রবি এবং মাই এয়ারটেল) । দ্বিতীয় প্রান্তিক শেষে, রবির গ্রাহকদের ৬৫ শতাংশ স্মার্টফোন

ব্যবহার করছিলেন, যার মধ্যে ৪৫ শতাংশ স্মার্টফোন ব্যবহারকারী সেলফ কেয়ার অ্যাপ ব্যবহারকারী ছিলেন। এই প্রান্তিকে রবিতে মোট রিচার্জের ৪০ দশমিক ৫ শতাংশ ডিজিটালভাবে সম্পন্ন হয়েছিল।

ব্যবসার সার্বিক পরিস্থিতি তুলে ধরে রবি'র সিইও রাজীব শেঠি বলেন: "সামষ্টিক অর্থনীতির নানামুখী চ্যালেঞ্জে সত্ত্বেও কোম্পানির সামগ্রিক কার্যক্রমে আমরা সন্তুষ্ট। বিশেষ করে এ বছরের দ্বিতীয় প্রান্তিকে আমাদের আয়ের ৩৯ শতাংশ ডেটা ব্যবসা থেকে এসেছে যা ডিজিটাল কোম্পানি হিসেবে আমাদের এগিয়ে যাওয়ার সঠিক প্রতিফলন।"

তিনি আরও বলেন, "২০২৩ সালের দ্বিতীয় প্রান্তিকে আমাদের অর্জিত আয়ের একটা বড় অংশ বিভিন্ন ফি হিসেবে রাষ্ট্রীয় কোষাগারে দিতে হয়েছে, যা আমাদের ব্যবসায় প্রভাব ফেলেছে । স্মার্ট বাংলাদেশ গঠনে অগ্রণী ডিজিটাল সেবাদাতা প্রতিষ্ঠান হিসেবে এ ক্ষেত্রে সরকারের সহযোগিতা আমরা প্রত্যাশা করি।"

**২০২৩ সালের প্রথম ছয় মাস ( জানুয়ারি-জুন ):**

চলতি বছরের প্রথমার্ধে (জানুয়ারি-জুন, ২০২৩) রবির রাজস্ব, ইবিআইটিডিএ যথাক্রমে ৪ হাজার ৮৮৭ দশমিক ৬ কোটি টাকা এবং ২ হাজার ১১৭ দশমিক এক কোটি টাকায় পৌঁছেছে। প্রথম প্রান্তিকের ২৪ দশমিক ৪ কোটি টাকাসহ চলতি বছরের প্রথমার্ধ শেষে পিএটি ৬৬ দশমিক ৪ কোটি টাকায় পৌঁছেছে; প্রথমার্ধের জন্য (ইপিএস) ছিল দশমিক ১৩ টাকা।

প্রথম প্রান্তিকে ২১৫ দশমিক ৯ কোটি টাকা মূলধনী বিনিয়োগসহ চলতি বছরের প্রথমার্ধে মোট ৯৭৮ দশমিক ২ কোটি টাকা মূলধনী বিনিয়োগ করেছে। প্রথম প্রান্তিকে এক হাজার ১০৩ দশমিক ৮ কোটি টাকা পরিশোধ করার পর, সরকারি কোষাগারে বছরের প্রথমার্ধ শেষে জমা মোট ২ হাজার ৭৮৮ দশমিক ১ কোটি টাকা, যা একই সময়ের জন্য কোম্পানির রাজস্বের ৫৭ শতাংশ ছিল। চলতি বছরের প্রথমার্ধে রবিতে মোট রিচার্জের ৩৮ দশমিক ৯ শতাংশ ডিজিটালভাবে সম্পন্ন হয়েছে।

**দ্বিতীয় প্রান্তিক ২০২৩ এর সাথে প্রথম প্রান্তিক ২০২৩ এর তুলনা:**

প্রথম প্রান্তিকের (জানুয়ারি-মার্চ, ২০২৩) তুলনায় বছরের দ্বিতীয় প্রান্তিকে (এপ্রিল-জুন,২০২৩) রবির আয় উল্লেখযোগ্যভাবে ৮ দশমিক ২ শতাংশ বৃদ্ধি পেয়েছে। গত ত্রৈমাসিকের তুলনায় ডাটা আয় ১৪ দশমিক ৪ শতাংশ বৃদ্ধি পেয়েছে। অন্যদিকে, ইবিআইটিডিএ গত ত্রৈমাসিকের তুলনায় ১ দশমিক ৩ শতাংশ বৃদ্ধি পেয়েছে। এছাড়া প্রথম প্রান্তিকের তুলনায় ডেটা ব্যবহার ৩ দশমিক ২ শতাংশ বৃদ্ধি পেয়েছে।

**দ্বিতীয় প্রান্তিক ২০২৩ এর সাথে দ্বিতীয় প্রান্তিক ২০২২ এর তুলনা:**

গত বছরের একই ত্রৈমাসিকের ( জানুয়ারি-মার্চ, ২০২৩) তুলনায় রবির রাজস্ব ২০ দশমিক ৬ শতাংশ বৃদ্ধি পেয়েছে, ডাটা রাজস্ব ব্যাপকভাবে ২৯ দশমিক ৬ শতাংশ বৃদ্ধি পেয়েছে, ইবিআইটিডিএ ১০ দশমিক ২ শতাংশ এবং  চলতি বছরেরর দ্বিতীয় প্রান্তিকে ডেটা ব্যবহার ২৫.৪ শতাংশ বৃদ্ধি পেয়েছে।

**রবি সম্পর্কে:**

রবি আজিয়াটা লিমিটেড ('রবি' ) একটি পাবলিক লিমিটেড কোম্পানি যেখানে এশিয়ার টেলিযোগাযোগ বাজারের অন্যতম কোম্পানি মালয়েশিয়াভিত্তিক আজিয়াটা গ্রুপ বারহাদের সিংহভাগ মালিকানা (৬১.৮২%) রয়েছে। এছাড়া রবিতে পাবলিক শেয়ারহোল্ডারদের (১০%) পাশাপাশি বিশ্ব টেলিযোগাযোগ বাজারের অন্যতম কোম্পানি ভারতী এয়ারটেলের (ভারত) শেয়ার রয়েছে ২৮.১৮%। রবি বাংলাদেশের দ্বিতীয় বৃহত্তম মোবাইল ফোন অপারেটর। দেশের মানুষের জন্য প্রতিনিয়ত নতুন নতুন ডিজিটাল সেবা আনছে কোম্পানিটি। দেশের প্রতিটি প্রান্তে উদ্ভাবনী সেবা পৌঁছে দেয়ার উদ্দেশে রবি অব্যাহত বিনিয়োগের মাধ্যমে শক্তিশালী টেলিযোগাযোগ অবকাঠামো গড়ে তুলেছে। দেশজুড়ে থাকা এ অবকাঠামো ডিজিটাল পণ্য ও সেবা সরবরাহের পাশাপাশি ক্রমবর্ধমান ডিজিটাল প্রতিবেশ গড়ে তুলতে মুখ্য ভূমিকা পালন করছে। শহর কিংবা গ্রাম যেখানেই হোক রবির হাত ধরে ডিজিটাল বাংলাদেশের পথে হাটছে দেশবাসী।

মিডিয়া অ্যান্ড কমিউনিকেশন, রবি আজিয়াটা লিমিটেড কর্তৃক ইস্যুকৃত

যোগাযোগ:

রবি আজিয়াটা থেকে:
শামীম আহমেদ
ahmed.shamim@robi.com.bd
মোবাইল: ০১৮৩৩১৮৩৪৫৭

Robi Axiata Limited
53 Gulshan South Avenue
Gulshan-1, Dhaka-1212
Bangladesh
Phone: +88 02 9887146-52
Fax: +88 02 9885463